



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শিক্ষা মন্ত্রণালয়

বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)

উপজেলা আইসিটি ট্রেনিং এন্ড রিসোর্স সেন্টার ফর এডুকেশন (ইউআইটিআরসিই)

ডিমলা, নীলফামারী।

ই-মেইল :- [uitrce.dimla@gmail.com](mailto:uitrce.dimla@gmail.com)

ফোন নং- ০৫৫২২৫৬৩২২

অধিদপ্তরঃ বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো(ব্যানবেইস)

১। উদ্ভাবনের নামঃ আইসিটি প্রসারে কার্যকর ইউআইটিআরসিই(UITRCE)

২। উপজেলা আইসিটি ট্রেনিং এন্ড রিসোর্স সেন্টার ফর এডুকেশন(ইউআইটিআরসিই) এর কার্যক্রম সম্পর্কে প্রান্তিক জনগণ অবগত না থাকা এবং তাদের মনে আইসিটি ভীতি ও অনীহার কারণে UITRCE এর কার্যক্রম ও সর্বোত্তম ব্যবহার হচ্ছে না, ফলে আইসিটি নির্ভর দক্ষ জনগোষ্ঠী তৈরী হচ্ছে না এবং এসডিজি ও ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণ ব্যাহত হচ্ছে।

ব্যানবেইস প্রধান কার্যালয়ে উদ্ভাবনী প্রশিক্ষণের মাধ্যমে সমস্যাটি সমাধানের অনুপ্রেরণা পাওয়া যায়। সমস্যাটি সমাধানে নিম্নোক্ত পদক্ষেপ গ্রহণ করা হয়ঃ-

- আইসিটি সম্পর্কিত সেবা ও দৈনন্দিন জীবনে আইসিটি এর ব্যবহার সম্পর্কে জনসাধারণের মাঝে প্রচার করা।
- ইউআইটিআরসিই অফিসের মাধ্যমে কি কি সেবা প্রদান করা হয় ও অফিসে জনসাধারণের কাছে তুলে ধরা।
- স্কুল ও কলেজের শিক্ষার্থীদের নিয়ে প্রোগ্রামিং ও গেমিং কন্টেন্টের আয়োজন করা।
- ইউআইটিআরসিই তে অবস্থিত সাইবার সেন্টার এর সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করা।
- শিক্ষকগণকে আইসিটি প্রশিক্ষণ দিয়ে শিক্ষা প্রতিষ্ঠানের গুণগত পরিবর্তন পর্যবেক্ষণ করা।

শিক্ষক শিক্ষার্থীদের আইসিটি ভীতি দূর করার জন্য সেমিনার ও ওয়ার্কশপ আয়োজন করা হয়ে। শিক্ষকগণকে আইসিটি ট্রেনিং ও শিক্ষার্থীদের কম্পিউটার বিষয়ে প্রশিক্ষণ দেয়া হয়। জনসাধারণকে সাইবার সেন্টার ব্যবহারে আগ্রহী করা হয়।

উপজেলা পর্যায়ে ইউআইটিআরসিই অফিসে শিক্ষার্থীদের নিয়ে নিয়মিত কম্পিউটার প্রোগ্রামিং ও গেমিং প্রোতিযোগিতার আয়োজন করা। শিক্ষিত বেকার যুবকদের ফ্রিল্যান্সিং এর মাধ্যমে লার্নিং এন্ড আর্নিং বিষয়ে প্রশিক্ষণ দিয়ে সাবলম্বি করা।

৩। ইউআইটিআরসিই, ব্যানবেইস এর মাধ্যমে ডিমলা উপজেলায় প্রায় ১২০০ জন শিক্ষকে বেসিক আইসিটি প্রশিক্ষণ দিয়ে আইসিটি বিষয়ে দক্ষ করে তোলা হয়। বর্তমানে তারা নিজ নিজ শিক্ষা প্রতিষ্ঠানে মাল্টিমিডিয়া কন্টেন্ট এর মাধ্যমে শ্রেণীকক্ষে নিয়মিত পাঠদান করছেন। বিভিন্ন জাতীয় অনুষ্ঠানে ইউআইটিআরসিই, ব্যানবেইস ডিমলা অফিস শিক্ষার্থীদের পরিদর্শনের জন্য উন্মুক্ত করে দেয়া হয়। শিক্ষার্থীদের সার্ভার, সাইবার ক্যাফে, নেটওয়ার্কিং ও ইন্টারনেট সম্পর্কে জ্ঞান দান করা হয়, যাতে করে তারা ডিজিটাল বাংলাদেশ গড়তে কার্যকর ভূমিকা রাখতে পারে। ফ্রিল্যান্সিং এর মাধ্যমে শিক্ষিত বেকার যুবকগণ বেকারত্ব থেকে মুক্তি পাবে। শিক্ষায় আইসিটি প্রসারে ইউআইটিআরসিই কার্যকর ভূমিকা পালন করবে। বর্তমানে শিক্ষা প্রতিষ্ঠানে ই-মেইল এর মাধ্যমে যোগাযোগ স্থাপন করা সম্ভব হচ্ছে ফলে মন্ত্রণালয়ের যে কোন নির্দেশনা খুব অল্প সময়ের মধ্যে বাস্তবায়ন করা যাচ্ছে।

৪। শিক্ষকগণ উপজেলা পর্যায়র ইউআইটিআরসিই এর মাধ্যমে আইসিটি বিষয়ে প্রশিক্ষণ পেয়ে মহাউৎসাহে শ্রেণীকক্ষে মাল্টিমিডিয়া ব্যবহার করে পাঠদান করতেছেন। ইউআইটিআরসিই এর ইন্টারনেট সুবিধা নিয়ে শিক্ষকগণ খুব সহজেই মাল্টিমিডিয়া কন্টেন্ট তৈরী করতে পেরে অত্যন্ত আনন্দিত। শিক্ষক ও শিক্ষার্থীগণ ইউআইটিআরসিই এর সাইবার ক্যাফে ব্যবহার করে মহাখুশি। স্থানীয় জনসাধারণ ইউআইটিআরসিই এর সাইবার ক্যাফে ব্যবহার করে ধীরে ধীরে ফ্রিল্যান্সিং এর ব্যাপারে আগ্রহী হচ্ছেন।

৫। স্থানীয় শিক্ষার্থীগণ কম্পিউটার প্রোগ্রামিং এর ব্যাপারে দিন দিন আগ্রহী হচ্ছে যা চতুর্থ শিল্প বিপ্লবে ডিজিটাল বাংলাদেশে মুখ্য ভূমিকা পালন করবে। উদ্যুক্ত তৈরী করতে ইউআইটিআরসিই, ব্যানবেইস ফ্রিল্যান্সিং এর মাধ্যমে মুক্ত পেশাজীবী তৈরী করে বেকার সমস্যা হ্রাসে কার্যকর ভূমিকা পালন করবে।

৬। উদ্ভাবন ও বাস্তবায়ন টিমঃ

সদস্যদের নাম	ঠিকানা	ছবি
মোঃ রেদওয়ানুর রহমান	সহকারী প্রোগ্রামার, ইউআইটিআরসিই, ব্যানবেইস, ডিমলা, নীলফামারী।	
মোঃ জামিল হায়দার	কম্পিউটার অপারেটর ইউআইটিআরসিই, ব্যানবেইস, ডিমলা, নীলফামারী।	
মোঃ আরিফুল ইসলাম	ল্যাব সহকারী, ইউআইটিআরসিই, ব্যানবেইস, ডিমলা, নীলফামারী।	